দৈনিক সংবাদ

তারিখ ... 30-SEP 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# ক্যাম্পাসে পুলিশ পাহারার জন্য সিন্ডিকেটের অনুরোধ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে ক্যাম্পাসে সার্বক্ষণিক কড়া পুলিশ প্রহরা রাখার ব্যবস্থা করতে উপাচার্যকে অনুরোধ জানিয়েছে। সিন্ডিকেট পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী ক্যাম্পাসে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ে ছাত্র প্রতিনিধিদের সাথে একটি বৈঠকের ব্যবস্থা করতেও উপাচার্যকে অনুরোধ জানায়।

গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে সিন্ডিকেটের এই সভা অনুষ্ঠিতহয়।

(২-এর পাতায় দেখুন)

## ক্যাম্পাসে

(১ম পাতার পর)

সভায় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি সিন্ডিকেটকে অবহিত করতে গিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা পরিস্থিতি আগের তুলনায় উন্নততর।